বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক ইত্তেফাক
তারিখ 27 JUN 1989
পৃষ্ঠা 12 কলাম 5

026

## পরীক্ষা ভণ্ডুল

চুয়াডাঙ্গা সংবাদদাতার টেলিফোন : গতকাল (সোমবার) ডিগ্রী পরীক্ষার দ্বিতীয় দিনে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা ডিগ্রী কলেজ কেন্দ্রে নকলের সুবিধা চাহিয়া না পাওয়ায় পরীক্ষার্থীরা বাহির হইয়া আসিলে কেন্দ্রের পরীক্ষা ভণ্ডুল হইয়া যায়। পরীক্ষার্থী ছিল ৪৭৭ জন। পরীক্ষা শুরুর কিছু পূর্বে খাতা দেওয়ার সময় পরীক্ষার্থীরা পরিদর্শকদের নিকট পরীক্ষায় নকলের সুবিধাদানের দাবী জানায়। পরিদর্শকগণ দাবী পূরণে অস্বীকৃতি জানাইলে পরীক্ষার্থীরা কেন্দ্রের ভিতরেই হট্টগোল শুরু করিয়া দেয় এবং দলবদ্ধভাবে কেন্দ্র হইতে বাহির হইয়া যায়।